



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Phone: 031-61332, Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

**Ref:**

**Date:** ১২ এপ্রিল, ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

## বৈসাবি উপলক্ষে পার্বত্যবাসীর প্রতি ইউপিডিএফ-এর শুভেচ্ছা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর কেন্দ্রীয় কমিটি আজ, ১২ এপ্রিল, ২০০৯ সংবাদ পত্রে দেয়া এক বিবৃতির মাধ্যমে পার্বত্য চট্টগ্রামের প্রধান সামাজিক উৎসব বৈসাবি উপলক্ষে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল পার্বত্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়, বৈসাবি হলো পার্বত্য চট্টগ্রামে সকল জাতিসত্তার ঐক্য, সংহতি ও ভ্রাতৃত্বের প্রতীক। বৈসাবি নামকরণ হয়েছে ত্রিপুরাদের বৈসু, মারমাদের সাংগ্রাই এবং তংচঙ্গ্যা-চাকমাদের বিসু বা বিবু শব্দের আদি অক্ষর সংযুক্ত করে। কিন্তু একটি মহল জাতিসত্তাগুলোর মধ্যকার এই ঐক্য নষ্ট করার জন্য সুপারিকল্পিতভাবে কেবলমাত্র চাকমাদের বিবুকে অন্য জাতিসত্তাগুলোর ওপর চাপিয়ে দিতে চাইছে, যা পার্বত্য চট্টগ্রামের জনগণের কাছে কখনোই গ্রহণযোগ্য হবে না।

বিবৃতিতে আরো বলা হয়, বৈসাবির মতো একটি জাতীয় উৎসব যথাযথভাবে পালন করতে হলে দরকার শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক পরিবেশ এবং জনগণের অধিকার। কিন্তু যেখানে জনগণ প্রতিনিয়ত নির্যাতন ও লাঞ্ছনার শিকার হচ্ছে, যেখানে জোর করে জায়গা জমি কেড়ে নেয়া হচ্ছে এবং যেখানে এসব অন্যায় অবিচারের বিরুদ্ধে কোন প্রতিকার নেই, সেখানে উৎসব করার সুষ্ঠু পরিবেশ থাকতে পারে না।

ইউপিডিএফ আশা করে যে, বর্তমান ক্ষমতাসীন সরকার তার নির্বাচনী প্রতিশ্রুতি মোতাবেক পার্বত্য চট্টগ্রাম থেকে সেনাবাহিনী প্রত্যাহার করবে, ভূমি সমস্যার সমাধান করবে এবং পার্বত্য চট্টগ্রামে পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ কায়ম করে জাতিসত্তাগুলোর ন্যায্য অধিকার ফিরিয়ে দেবে।

বার্তা প্রেরক

**থুইক্যচিং মারমা**

কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ